# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৫৯ তারিখঃ ১৭/০৮/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষা (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ৮৪ মিটার দৈর্ঘ্যের আর্চ ব্রীজ নির্মাণের প্রয়োজনীয়তার নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা/কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন/কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ সুলতান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব পলি দাশ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষার্থে ৮৪ মিটার দৈর্ঘ্যের আর্চ ব্রীজ নির্মাণের প্রয়োজনীয়তার বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের নদী তীর সংরক্ষণ কাজ, নদী ড্রেজিং দ্বারা পুনরুদ্ধারকৃত ভূমি ভরাট, মাটির বাঁধ নির্মাণ এবং ১টি আর্চ ব্রীজ নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

ঘ) ডিপিপিতে বনায়ন বাবদ অর্থের সংস্থান রাখা এবং কোন প্রজাতির কতগুলো গাছ রোপন করা হবে তার বিস্তারিত পরিকল্পনা ডিপিপিতে অন্তর্ভুক্ত করবেন;

ঙ) আগামী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন;

চ) নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

ছ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

জ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৭/০৮/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ সুলতান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।
৩। জনাব পলি দাশ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া।
৫। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।